

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি।

স্মারক নং- রাঙ্গামেক/নোটিশ/ফাইনাল প্রফ/২০২০/

তারিখঃ ১৬/০৯/২০২০ইং।

**“নোটিশ”**

এতদ্বারা অত্র রাঙ্গামাটি মেডিকেল কলেজের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের(যাহারা নভেম্বর/২০১৯ চূড়ান্ত পেশাগত পরীক্ষায় রেফার্ড/অকৃতকার্য হয়েছেন) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে এমবিবিএস কোর্সের মে-২০২০ চূড়ান্ত পর্বের পরীক্ষা আগামী অক্টোবর-২০২০ মাসের তৃতীয় সপ্তাহে অথবা নিকটবর্তী সময়ে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায় চূড়ান্ত পেশাগত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ২০/০৯/২০২০ইং তারিখের মধ্যে নিজ নিজ ছাত্রাবাসে অবস্থান নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হল।

**পরীক্ষায় অংশগ্রহণের নীতিমালা**

- ১। পরীক্ষা শুরু করার কমপক্ষে ১(এক) মাস পূর্বে দেশি-বিদেশি সকল শিক্ষার্থীকে হোস্টেলে অবস্থান নিশ্চিত করতে হবে। এবং তৎপরবর্তী সকল শিক্ষার্থীকে ১৪ দিন বাধ্যতামূলক কোয়ারান্টাইনে থাকতে হবে।
- ২। আগত শিক্ষার্থীদের কোভিড-১৯ টেস্ট এর মাধ্যমে করোনা আক্রান্ত কিনা, তা নিশ্চিত করতে হবে।
- ৩। স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলবে মর্মে পরীক্ষার্থীর অথবা অভিভাবকদের নিকট হতে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।
- ৪। কোন শিক্ষার্থী করোনা আক্রান্ত হলে তার পরীক্ষা নেয়া হবে না। এক্ষেত্রে উক্ত শিক্ষার্থীর পরীক্ষা না নেয়া হলে কর্তৃপক্ষ দায়ী হবে না, এ মর্মে অভিভাবকদের থেকে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।
- ৫। কোয়ারান্টাইন কালীন বা পরবর্তী সময়ে যদি কারো করোনা উপসর্গ দেখা দেয় সেক্ষেত্রে আইসোলেশনে থাকতে হবে।
- ৬। শিক্ষার্থীদের বাধ্যতামূলক মাস্ক পরিধান করতে হবে।
- ৭। ফরম পূরণঃ শিক্ষার্থীরা কোয়ারান্টাইন শেষে স্বাস্থ্য বিধি মেনে প্রতিষ্ঠানে এসে ফরম পূরণে অংশ নিতে পারবে।
- ৮। হোস্টেলে অবস্থান কালীন সময়ে বাইরে যোরাফেরা করা যাবে না। যদি বাইরের কিছু জরুরী সামগ্রী প্রয়োজন হয় তাহলে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে কলেজ স্টাফের মাধ্যমে আনতে পারবে। কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রয়োজনে স্বাস্থ্যবিধি মেনে ক্যাম্পাসের বাইরে যাতায়াত করা যাবে।
- ৯। কোয়ারান্টাইন কালীন বিশেষ/জরুরি প্রয়োজন ব্যতীত শিক্ষার্থী তার অভিভাবক/আত্মীয়ের সাথে দেখা করতে পারবে না। যদি বিশেষ প্রয়োজনে কারো সাথে দেখা করার প্রয়োজন হয় সেক্ষেত্রে অবশ্যই নিজ দায়িত্বে সাক্ষাতের কারন, তাদের নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর, স্বাক্ষর ও তারিখ রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে।
- ১০। সুরক্ষা সামগ্রীগুলো ব্যবহার শেষে নির্দিষ্ট স্থানে ফেলা নিশ্চিত করতে হবে।

স্বাঃ ~  
(অধ্যাপক ডাঃ প্রীতি প্রসূন বড়ুয়া)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি মেডিকেল কলেজ।  
তারিখঃ ১৬/০৯/২০২০ইং।

স্মারক নং- রাঙ্গামেক/নোটিশ/ফাইনাল প্রফ/২০২০/৫৫৬(৪)  
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। হোস্টেল সুপার, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি।
- ৩। শাখা প্রধান, একাডেমিক শাখা, রাঙ্গামাটি মেডিকেল কলেজ।
- ৪। নোটিশ বোর্ড।

১৬.০৯.২০২০  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি মেডিকেল কলেজ।